## 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস, ২০২১ উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে স্থানীয় কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাবিহা সুলতানা<br>উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ। |
| সভার তারিখ | : | ২৪.০২.২০২১ খ্রি. |
| সময় | : | বিকাল ০৩.০০ টা |
| স্থান | : | উপজেলা কনফারেন্স রুম, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। বাংলাদেশের স্বাধীনতার প্রেক্ষাপটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের তাৎপর্য অনেক গভীরতর। ২০১৭ সালের ৩০ অক্টোবর ইউনেস্কো (UNESCO) ঐতিহাসিক এই ভাষণকে বৈশ্বিক দলিল (Memory of the World Register-এ অন্তর্ভূক্তিকরণ) হিসেবে স্বীকৃতি দেয়ায় আন্তর্জাতিক পরিমন্ডলে এ ভাষণের তাৎপর্য ও গুরুত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস ঘোষণা এবং দিবসটিকে 'ক' শ্রেণিভূক্ত দিবস হিসেবে ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৫ অক্টোবর ২০২০ তারিখে পরিপত্র জারি করা হয়েছে। এবছর থেকে দিবসটি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপকভাবে উদযাপন করা হবে। অতঃপর ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২১ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ (সাধারণ শাখা) এর ২৩.০২.২০২১ তারিখের ০৫.৪৩.৭০০০.০০৬.১০.০০১.২০.৪০১(২৫০) নম্বর স্মারকে প্রাপ্ত কার্যবিবরণীটি সভায় পাঠ করে শোনানো হয়। উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয়ঃ

| ক্র:নং: | তারিখ | সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|---|---|
| ১ | ০২.০৩.২০২১ | সকাল ১০.০০ টা | **চিত্রাঙ্কন প্রতিযোগিতা**<br>'ক' বিভাগ- শিশু থেকে ৩য় শ্রেণি<br>'খ' বিভাগ- ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি<br>'গ' বিভাগ- ৭ম থেকে ১০ম শ্রেণি<br>'ঘ' বিভাগ- বিশেষ চাহিদা সম্পন্ন শিশু | উপজেলা পরিষদ মিলনায়তন, নাচোল | ১। সংশ্লিষ্ট উপ-কমিটি<br>২। উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল |
| | | বেলা ১১.০০ টা | **বঙ্গবন্ধুর ভাষণ প্রতিযোগিতা**<br>'ক' বিভাগ- ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি<br>খ' বিভাগ-৭ম থেকে ১০ম শ্রেণি<br>'গ' বিভাগ- একাদশ হতে তদূর্ধ্ব | | |
| | | বেলা ১১.৩০ টা | **কবিতা আবৃত্তি প্রতিযোগিতা**<br>'ক' বিভাগ-শিশু থেকে ৪র্থ শ্রেণি<br>'খ' বিভাগ-৫ম থেকে ৭ম শ্রেণি<br>'গ' বিভাগ- ৮ম থেকে ১০ম শ্রেণি<br>'ঘ' বিভাগ- একাদশ হতে তদূর্ধ্ব | | |
| | | সকাল ১২.০০ টা | **সংগীত ও নৃত্য প্রতিযোগিতা**<br>'ক' বিভাগ-শিশু থেকে ৪র্থ শ্রেণি<br>'খ' বিভাগ-৫ম থেকে ৭ম শ্রেণি<br>'গ' বিভাগ-৮ম থেকে ১০ম শ্রেণি<br>'ঘ' বিভাগ- একাদশ হতে তদূর্ধ্ব | -ঐ- | ১। সংশ্লিষ্ট উপ-কমিটি |

২। **উপর্যুক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত উপকমিটিসমূহ গঠন করা হয় :**

**ক) চিত্রাঙ্কন, কবিতা আবৃত্তি, ভাষণ, সংগীত ও নৃত্য প্রতিযোগিতা সংশ্লিষ্ট উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

| | | |
|---|---|---|
| ১. | খাদিজা বেগম, সহকারী কমিশনার (ভূমি), নাচোল | আহবায়ক |
| ২. | আ. ফ. ম হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল | সদস্য |
| ৩. | মোছা: রোখছানা আনিছা, উপজেলা শিক্ষা অফিসার, নাচোল | " |
| ৪. | মো: হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি), নাচোল | " |
| ৫. | মো: ইউসুফ আলী, উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল | " |
| ৬. | মো: আল গালিব, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নাচোল | " |
| ৭. | মো: হাবিবুর রহমান, সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, নাচোল | " |
| ৮. | মো: ওলিউল্ল্যাহ, একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, নাচোল | " |
| ৯. | মো: সোহেল রানা, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নাচোল | " |
| ১০. | মো: অলিউল হক (ডলার), সভাপতি, গীতাঞ্জলী সাংস্কৃতিক একাডেমি, নাচোল | " |

**সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :**

০১। কর্মসূচি মোতাবেক বিভিন্ন অনুষ্ঠানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লি:, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জকে অনুরোধ জানানো হলো।

০২। স্থানীয় পত্রিকাসমূহ দিবসের তাৎপর্য তুলে ধরে ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা করতে সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাবসমূহকে অনুরোধ জানানো হলো।

০৩। গৃহীত কর্মসূচিকে অধিকতর সুন্দর ও সাফল্যমন্ডিত করার লক্ষ্যে সকল বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীসহ সর্বস্তরের জনগণকে সকল অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

০৪। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আগ্রহী প্রতিযোগী/ছাত্র-ছাত্রীদের উপজেলা পরিষদ মিলনায়তনে প্রতিযোগিতার নির্ধারিত সময়ে উপস্থিত হওয়ার নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা অফিসার নাচোল, চাঁপাইনবাবগঞ্জকে অনুরোধ করা হলো ।

০৫। ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে এ কার্যবিবরণীর ১ম পাতায় বিন্যাসকৃত বিভাগ অনুযায়ী চিত্রাঙ্কন, ভাষণ, আবৃত্তি, সঙ্গীত ও নৃত্য প্রতিযোগিতার আয়োজন করা হবে। উপজেলা প্রশাসন, নাচোল উক্ত প্রতিযোগিতা আগামী ০২.০৩.২০২১ খ্রি. তারিখ সম্পন্ন করবে। প্রতিযোগিতায় প্রতিটি বিভাগ হতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে জেলা পর্যায়ে আগামী ০৭.০৩.২০২১ খ্রি. তারিখ অনুষ্ঠিতব্য চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত উপজেলা মাধ্যমিক শিক্ষা/শিক্ষা অফিসার, নাচোল প্রেরণ নিশ্চিত করবেন।

উক্ত দিবস উপলক্ষে গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে যথাযথ মর্যাদায় বাস্তবায়নের জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৪/০২/২১

(সাবিহা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
ফোনঃ ০৭৮২৪-৫৬০০১ (অফিস)
মোবাইল : ০১৩১৮৩২০১৫৩ (অফিস)
E-mail: unonachole@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
nachol.chapainawabganj.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৭০৫৬.০০০.০৯.২০৯.১৯.৩৯৩(৬০)

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে ঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৪৪, চাঁপাইনবাবগঞ্জ-২
২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল
৫। মেয়র, নাচোল পৌরসভা, নাচোল
৬। উপজেলা.........................................................................................অফিসার (সকল), নাচোল
৭। অফিসার ইন চার্জ, নাচোল থানা, নাচোল
৮। অফিসার ইন চার্জ, নাচোল সরকারি কলেজ/অধ্যক্ষ, নাচোল মহিলা ডিগ্রী কলেজ, নাচোল
৮। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক...........................................................মাদ্রাসা/উচ্চ বিদ্যালয়/প্রাথমিক বিদ্যালয়
৯। চেয়ারম্যান, ফতেপুর/নেজামপুর/কসবা/নাচোল, ইউনিয়ন পরিষদ, নাচোল
১০। জনাব.........................................................................................................নাচোল, চাঁপাইনবাবগঞ্জ ।

২৪/০২/২১

উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ ।